
GOVERNMENT OF WESTERN AUSTRALIA

Department of **Local Government, Sport and Cultural Industries**
Office of **Multicultural Interests**

Information for Communities: Bengali

# ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ান কমিউনিটিসমূহের জন্য “আমার একটি দোভাষী কার্ড প্রয়োজন” সংক্রান্ত তথ্য




**ইংরেজিতে যোগাযোগ করা আপনার জন্য যদি কঠিন হয়, তাহলে এই কার্ডটি দেখালে সরকারি এজেন্সিগুলো বুঝতে পারবে যে আপনার একজন দোভাষী প্রয়োজন।**

## আমি কার্ডটি কিভাবে ব্যবহার করবো?

আপনি যে ভাষায় কথা বলেন বা যে ভাষা ব্যবহার করেন তার নাম কার্ডটির সম্মুখভাগে ইংরেজিতে লিখুন। আপনি যদি একাধিক ভাষায় কথা বলেন বা ব্যবহার করেন, তাহলে অন্য ভাষাগুলোর নাম সবচেয়ে ভালো থেকে সবচেয়ে দুর্বল - এই ক্রমে কার্ডের উপরে লিখুন। প্রয়োজন হলে আপনাকে যে ব্যক্তি এই কার্ডটি দিয়েছেন তার সহায়তা নিন।

কোনো সরকারি সেবা ব্যবহার করার সময় দোভাষীর সহযোগিতা প্রয়োজন হলে একজন সদস্যকে এই কার্ডটি দেখান। তারা আপনার ভাষায় কথা বলেন এমন একজন দোভাষীর (সরাসরি বা ফোনে) ব্যবস্থা করার চেষ্টা করবেন।

যদি আপনার মাতৃভাষায় কথা বলা কোনো দোভাষীকে পাওয়া না যায়, তাহলে স্টাফ সদস্য এমন একজন দোভাষীকে খুঁজে বের করার চেষ্টা করবেন যিনি আপনার দ্বিতীয় বা তৃতীয় ভাষায় কথা বলতে পারেন।

## দোভাষী কার্ড কারা পেতে পারেন?

সরকারি সেবা ব্যবহার করার সময় ইংরেজি ভাষায় যোগাযোগের জন্য সহযোগিতার প্রয়োজন এমন যে কেউ এই কার্ড পেতে পারেন।

## এই কার্ডের জন্য খরচ কেমন?

এই কার্ডটি বিনামূল্যে। আপনি এটি হারিয়ে ফেললে আরেকটি কার্ড বিনামূল্যে নিতে পারবেন।

## এই কার্ড আমি কোথায় পেতে পারি?

মাইগ্রেন্ট রিসোর্স সেন্টার, মাল্টিকালচারাল কমিউনিটি সার্ভিস প্রোভাইডার, কিছু পাবলিক হাসপাতাল, ইনটেনসিভ ইংলিশ সেন্টারের স্কুল, কিছু স্থানীয় সরকারি কর্তৃপক্ষ, WA ডেফ সোসাইটি এবং কিম্বারলি ইন্টারপ্রেটিং সার্ভিসে এই কার্ডগুলো পাওয়া যাবে।

## কার্ডটি আমি কত দিন ব্যবহার করতে পারব?

সরকারি সেবা ব্যবহার করতে যতদিন আপনার দোভাষীর সহযোগিতার প্রয়োজন হবে ততদিন আপনি কার্ডটি ব্যবহার করতে পারবেন। এর কোনো মেয়াদোত্তীর্ণের তারিখ নেই।

### অন্য কেউ কি আমার কার্ডটি ব্যবহার করতে পারবেন?

আপনার পরিবারের সদস্যসহ আপনার ভাষায় কথা বলেন বা ব্যবহার করেন এমন যে কেউ আপনার কার্ডটি ব্যবহার করতে পারবেন।

### কার্ডনা থাকলে কি আমি কোনো দোভাষীর সহযোগিতা চাইতে পারি?

হ্যাঁ কার্ডনা থাকলেও সরকারি এজেন্সিগুলোতে আপনি দোভাষীর সহযোগিতা চাইতে পারবেন।

### দোভাষীর জন্য কি আমাকে অর্থ প্রদান করতে হবে?

না। আপনি সরকারি সেবা গ্রহণের যোগ্য হলে সরকারি এজেন্সিগুলো আপনার দোভাষীর জন্য অর্থ প্রদান করবে।

### আমি কি একজন পুরুষ বা মহিলা দোভাষীর সহযোগিতা চাইতে পারি?

আপনি পুরুষ বা মহিলা দোভাষীর সহযোগিতা চাইতে পারেন। তবে, আপনার অনুরোধ রক্ষা করা সম্ভব নাও হতে পারে।

### আমি কি পরিবারের কোনো সদস্য বা কোনো বন্ধুকে দোভাষীর ভূমিকা পালনের অনুরোধ করতে পারি?

মৌলিক তথ্যের বিধান বা ব্যতিক্রমী পরিস্থিতি ব্যতীত এটি সুপারিশকৃত নয়।

পরিবারের সদস্য বা বন্ধু-বান্ধব আবেগজনিতভাবে সম্পৃক্ত থাকতে পারেন এবং তাদের মধ্যে প্রয়োজনীয় দক্ষতা ও নিরপেক্ষতার ঘাটতি থাকতে পারে। আঠারো (18) বছরের কম বয়সী কাউকেই দোভাষীর ভূমিকা পালনের জন্য বলা যাবে না।

### সেবাদানকারী এজেন্সিকে কি আমার দোভাষীর প্রয়োজনীয়তার কথা অগ্রিম জানিয়ে রাখা উচিত?

হ্যাঁ জরুরি অবস্থা না হলে আগে থেকেই স্টাফ সদস্যদেরকে আপনার দোভাষীর প্রয়োজনীয়তার কথা জানিয়ে রাখা উচিত যাতে তারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারেন।

### যদি আমি স্টাফ সদস্যদেরকে আমার দোভাষীর প্রয়োজনীয়তার কথা অগ্রিম জানিয়ে না রাখি, তাহলে কী হবে?

স্টাফ সদস্যরা আপনাকে সহযোগিতা করার সর্বোচ্চ চেষ্টা করবেন। উদাহরণস্বরূপ, তারা:

সামনাসামনি কোনো দোভাষী না পেলে টেলিফোনের মাধ্যমে একজন দোভাষী ব্যবহার করতে পারেন

- একজন দোভাষীকে পাওয়া মাত্র আপনার সাক্ষাতের জন্য নতুন একটি সময় নির্ধারণ করতে পারেন
- যদি এমন কোনো ভাষা থাকে যা আপনি পড়তে পারেন তাহলে সেই ভাষায় আপনাকে তথ্য দিতে পারেন, অথবা
- যদি এমন কোনো স্টাফ সদস্য থাকেন যিনি আপনার ভাষায় কথা বলেন, তাহলে তার মাধ্যমে আপনার কাছ থেকে কিছু সাধারণ তথ্য সংগ্রহ করতে পারেন যাতে একজন দোভাষীর সাথে অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করা যায়।

### যদি দোভাষীর জন্য আমার করা আবেদন নাকচ হয়ে যায়, তাহলে আমি কী করতে পারি?

কিছু পরিস্থিতিতে একটি এজেন্সি আপনাকে দোভাষী প্রদান নাও করতে পারে, তবে তারা অন্যান্য উপায়ে আপনাকে সহযোগিতা করার চেষ্টা করবেন (যেমন, আপনি পড়তে পারেন এমন একটি ভাষায় আপনাকে তথ্য প্রদান করতে পারেন। তবে, যদি আপনি আপনার নিজের ভাষায় পড়তে না পারেন, তাহলে অনুগ্রহ করে এজেন্সিকে অবহিত করুন)।

আপনার একজন দোভাষীর প্রয়োজন এবং তার জন্য আবেদন করেছেন কিন্তু এজেন্সি সেই আবেদন নাকচ করেছে - এমন হলে আপনি সেই এজেন্সির কাছে অভিযোগ করতে পারেন।

আপনি যদি এজেন্সির প্রতিক্রিয়ায় সন্তুষ্ট না হন, তাহলে আপনি ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ান ওম্বাডসম্যান (Western Australian Ombudsman)-এর সাথে 9220 7555 নম্বরে অথবা উল্লেখিত ঠিকানায় যোগাযোগ করতে পারেন mail@ombudsman.wa.gov.au. এই কাজটি আপনি আপনার নিজস্ব ভাষায় করতে পারেন।

## আমার দোভাষী কার্ডটি আমি কোথায় ব্যবহার করতে পারব?

আপনি কী নিয়ে আলোচনা করতে চান তার উপর ভিত্তি করে সরকারি এজেন্সিগুলোকে অবশ্যই প্রতিবার দোভাষীর প্রয়োজনীয়তার গুরুত্ব সম্পর্কে - যেমন অবশ্যই প্রয়োজন, দেওয়া উচিত বা দেওয়া যেতে পারে ইত্যাদি সিদ্ধান্ত নিতে হবে। যেখানে আপনার অধিকার, স্বাস্থ্য ও সুরক্ষা ঝুঁকিতে রয়েছে, সেখানে তাদেরকে একজন দোভাষী ব্যবহার করতে হবে। যে সকল সরকারি এজেন্সির দোভাষী ব্যবহার করার প্রয়োজনীয়তা বেশি থাকতে পারে সেগুলোর মধ্যে রয়েছে:

- পাবলিক হাসপাতাল
- পুলিশ স্টেশন
- আদালত ও ট্রাইব্যুনাল
- স্টেট স্কুল
- পাবলিক হাউজিং অফিস
- স্থানীয় সরকারি অফিসসমূহ।

আপনি এটাও যাচাই করে দেখতে পারেন যে আপনার শহরতলিতে এমন কোনো চিকিৎসক বা ফার্মেসি আছে কি না যারা ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিসের অর্থায়নে বিনামূল্যের দোভাষী সেবা প্রদানের প্রস্তাব গ্রহণ করেছেন।

আপনি যদি বধির বা শ্রবণ প্রতিবন্ধী হন তাহলে আপনাকে ন্যাশনাল অজলান বুকিং অ্যান্ড পেমেন্ট সার্ভিস (NABS) প্রদত্ত বিনামূল্যের ব্যক্তিগত মেডিকেল অ্যাপয়েন্টমেন্টের জন্য অজলান দোভাষীরা রয়েছেন। NABS-এর সাথে তাদের ওয়েবসাইট www.nabs.org.au এর মাধ্যমে যোগাযোগ করা যাবে।

## আমার দোভাষী কার্ডটি আমি কোথায় ব্যবহার করতে পারব না?

অনেক ব্যবসা প্রতিষ্ঠান ও বাণিজ্যিক সেবা কোনো দোভাষী প্রদান করবে না।

বেসরকারি হাসপাতাল ও ক্লিনিক, বেসরকারি স্কুল, বেসরকারি আইনি সেবা এবং বেসরকারি পরিবহন কোম্পানিগুলোর মতো প্রতিষ্ঠানগুলো দোভাষীর ব্যবস্থা করতে ইচ্ছুক হতে পারে, তবে দোভাষীর জন্য তারা আপনাকে অর্থ প্রদান করতে বলতে পারে।

আপনি যদি বধির বা শ্রবণ প্রতিবন্ধী হন, তাহলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলো থেকে আপনাকে *ডিজঅ্যাবিলিটি ডিসক্রিমিনেশন অ্যাক্ট (শিক্ষা মান) (Disability Discrimination Act, Education Standards)*-এর অধীনে একজন দোভাষী প্রদান করতে হবে।

একাধিক ভাষায় এই পুস্তিকাটির অনুবাদ এবং ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ান ভাষা সেবা নীতি সম্পর্কিত তথ্য অফিস অব মাল্টিকালচারাল ইন্টারেস্টস-এর ওয়েবসাইটে পাওয়া যাবে:

www.omi.wa.gov.au

অতিরিক্ত তথ্যের জন্য অনুগ্রহ করে OMI-এর সাথে ফোনে 6552 7300 নম্বরে যোগাযোগ করুন বা এই ঠিকানায় ইমেইল করুন

harmony@omi.wa.gov.au

স্বীকৃতি: অফিস অব মাল্টিকালচারাল ইন্টারেস্টস ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ায় ব্যবহারের জন্য ভিক্টোরিয়ান ইন্টারপ্রেটার কার্ড পুস্তিকাটি সংশোধন করার জন্য ভিক্টোরিয়ান মাল্টিকালচারাল কিমশনের অনুমিত স্বীকার করে।